



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩২.২০২২-১৬৩১/৩

তারিখ ০৭/০৫/২০২২ খ্রি.

বিষয় : ঢাকা মহানগরীর সূত্রাপুর থানাধীন মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ জনাব লুৎফুন নাহার একই সাথে দুই প্রতিষ্ঠানে কর্মরত থাকায় ব্যবস্থাগ্রহণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর গেন্ডারিয়া থানাধীন মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ জনাব লুৎফুন নাহার এর একই সাথে দুইটি প্রতিষ্ঠানে কর্মরত থাকার অভিযোগ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা থেকে ১৬/০৬/২০২১ তারিখে তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে মতামত :

- (১) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট (ঘ) অনুযায়ী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ হওয়ার মত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা জনাব লুৎফুন নাহার এর নেই।
- (২) জনাব লুৎফুন নাহার একই সাথে মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ, গেন্ডারিয়া, ঢাকা এবং ব্রাহ্মণ শাসন মহিলা কলেজ, ঘাটাইল, টাঙ্গাইল এ কর্মরত ছিলেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১১.(১০)(ক) অনুযায়ী একই সাথে একাধিক পদে নিয়োজিত থাকা বিধিবিহীন।

ব্রাহ্মণশাসন মহিলা কলেজ, ঘাটাইল, টাঙ্গাইল এর ফেব্রুয়ারি/২০২২ মাসের বেতন বিলে দেখা যায় যে, জনাব লুৎফুন নাহার এর নিয়মিত বেতন ভাতা উত্তোলন করা হচ্ছে এবং উক্ত বেতন বিলে প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও সভাপতি স্বাক্ষর করছেন যা বিধি সম্মত নয়। এমতাবস্থায়, নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

- (১) জনাব লুৎফুন নাহার, সহকারী অধ্যাপক, ব্রাহ্মণ শাসন মহিলা কলেজ, ঘাটাইল, টাঙ্গাইল কর্মরত না থাকা সত্ত্বেও তাকে নিয়মিত এমপিওখাতের বেতনভাতা প্রদান করায় কেন অধ্যক্ষের বেতন ভাতা বন্ধ করা হবে না এ বিষয়ে ব্যাখ্যা দাখিল;
- (২) জনাব লুৎফুন নাহার ঢাকা মহানগরীর মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজে কর্মরত থাকায় ব্রাহ্মণ শাসন মহিলা কলেজ, ঘাটাইল, টাঙ্গাইল এর এমপিও কপি থেকে নাম কর্তনের ব্যবস্থা গ্রহণ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

১৬/০৬/২০২২

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

ব্রাহ্মণশাসন মহিলা কলেজ

ঘাটাইল, টাঙ্গাইল

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিংবডি, ব্রাহ্মণশাসন মহিলা কলেজ, ঘাটাইল, টাঙ্গাইল;
- (২) অধ্যক্ষ, মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ, সূত্রাপুর, ঢাকা;
- (৩) সংরক্ষণ নথি।